



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর

স্মারক নং- জাতীয়বিঃ/পনি/তৃতীয় বর্ষ অনার্স/২০১০/২০১৩/ ৩১৮(অংশ-৩)/ ১৬২৮ তারিখ : ১০/০৮/২০২২

বিজ্ঞপ্তি

২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন প্রসঙ্গে

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার প্রকাশিত ফলাফল এর উত্তরপত্র পুনঃনিরীক্ষণের জন্য আগামী ১৬/০৮/২০২২ ইং তারিখ থেকে ৩১/০৮/২০২২ ইং তারিখ পর্যন্ত Online এ আবেদন করা যাবে এবং ৩১/০৮/২০২২ ইং তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।


Payslip সংগ্রহ ও জমাদানের নিয়মাবলী:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://103.113.200.36/PAMS/ICTUnit/Re_scrutiny.aspx

থেকে Online এ আবেদন ফরম পূরণ করে Pay slip ডাউনলোড করে সোনালী ব্যাংকের যে কোন শাখার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে হবে অথবা সোনালী ব্যাংকের Online payment gateway ব্যবহার করে মোবাইল ব্যাংকিং সেবা- নগদ, বিকাশ, রকেট অথবা বিভিন্ন ধরনের কার্ড যেমন: AMERICAN EXPRESS, VISA, DBBL NEXUS, MASTER CARD অথবা সোনালী ব্যাংকের হিসাবধারীরা নিজ হিসাব থেকে Online এ টাকা ট্রান্সফার করে ফি জমা দিতে পারবে। ফি জমাদানের সাথে সাথে আবেদন প্রক্রিয়া শেষ হবে। বিশ্ববিদ্যালয়ে ফি জমাদানের কপি বা আবেদনের কপি জমা দেওয়ার কোন প্রয়োজন নাই।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে এবং এ কারণে পরবর্তীতে কোন জটিলতার সৃষ্টি হলে এর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি কোর্স ৮০০/- (আটশত) টাকা।



(সদরতঃজ্ঞাপন)
পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।